

## ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৭৭

৬৪/ মাগাযী [युक्त] (کتاب المغازی)

পরিচ্ছেদঃ ৬৪/৮. আবু জাহলের হত্যা।

بَابِ قَتْلِ أَبِيْ جَهْلِ

আরবী

الْحُمَيْدِيُّ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنَا عَمْرُو عَنْ عَطَاءٍ عَنْ ابْنِ عَبَّاسٍ (اَلَّذِیْنَ بَدَّلُوْا نِعْمَةَ اللهِ كُفْرًا) قَالَ هُمْ وَاللهِ كُفَّارُ قُرَیْشٍ قَالَ عَمْرُو هُمْ قُرَیْشٌ وَمُحَمَّدٌ صلی الله علیه وسلم نِعْمَةُ اللهِ (وَأَحَلُوْا قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ) قَالَ النَّارَ يَوْمَ بَدْرٍ.

বাংলা

৩৯৭৭. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি (اَلَّذَيْنَ بَدَّلُواْ نِعْمَةَ اللهِ كُفْرًا) অর্থাৎ "যারা আল্লাহর অনুগ্রহের পরিবর্তে অকৃতজ্ঞতা প্রকাশ করে" সূরা ইবরাহীম-এর ২৮ আয়াতাংশ সম্পর্কে বলেছেন, আল্লাহর কসম, এরা হল কাফির কুরাইশ গোষ্ঠী। 'আমর (রহ.) বলেন, এরা হচ্ছে কুরাইশ গোষ্ঠী এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম হচ্ছেন আল্লাহর নি'য়ামাত এবং (وَأَحُلُواْ قَوْمَهُمْ دَارَ الْبَوَارِ) (নিজেদের জাতিকে তারা নামিয়ে আনে ধ্বংসের পর্যায়ে) সূরা ইবরাহীম-এর ২৮ আয়াতাংশের মাঝে বর্ণিত الْبُوارِ এর অর্থ হচ্ছে النوار জাহান্নাম। (অর্থাৎ বদর যুদ্ধের দিন তারা তাদের জাতিকে জাহান্নামে প্রোঁছিয়ে দিয়েছে।) [৪৭০০] (আধুনিক প্রকাশনীঃ ৩৬৮৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৬৮৭)

## **English**

## Narrated Ibn `Abbas:

regarding the Statement of Allah:--"Those who have changed Allah's Blessings for disbelief..." (14.28) The people meant here by Allah, are the infidels of Quraish. (`Amr, a sub-narrator said, "Those are (the infidels of) Quraish and Muhammad is Allah's Blessing. Regarding Allah's Statement:"..and have led their people Into the house of destruction? (14.29) Ibn `Abbas said, "It means the Fire they will suffer from (after their death) on the day of Badr."



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন